

ইসলামিক ইন্সটিটিউট

১৩

## ছাত্রদল-পুলিশ সংঘর্ষ, ১০টি গাড়ী ভাংচুর ৥ ২৪ জন গ্রেপ্তার

ইসলামিক রিপোর্ট ॥ গতকাল বৃহস্পতিবার ছাত্রদল নেতা মিস্ট হত্যার প্রতিবাদে মিরপুর বাংলা কলেজের ছাত্রদল ও বিএনপির কর্মীরা মিছিল বের করার চেষ্টা করলে ছাত্র ও পুলিশের মধ্যে তুমুল সংঘর্ষ ঘটে। উত্তেজিত ছাত্ররা মিরপুরগামী ১০টি গাড়ী ভাংচুর করে। পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ লাঠিচার্জ করে এবং ঘটনাস্থল হতে ছাত্রদলের নেতা ও কর্মীসহ ২৪ জনকে গ্রেফতার করে। মিরপুর বাংলা কলেজের এইচএসসিওর ছাত্র এবং ছাত্রদল নেতা

আবু ইসহাক মিস্ট হত্যার প্রতিবাদে বাংলা কলেজের ছাত্রদলের নেতা ও কর্মীরা গতকাল বেলা ১২টার দিকে মিছিল বের করার চেষ্টা করলে পুলিশ এদের বাধা দেয়। এই সময় পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষ বাধে। বিক্ষোভরত ছাত্ররা ১০টি গাড়ী ভাংচুর করে এবং পুলিশের প্রতি ইট-পাটকেন নিক্ষেপ করতে থাকে। তখন পুলিশ পান্ডা ছাত্রদের প্রতি লাঠিচার্জ শুরু করে এবং ঘটনাস্থল হতে ২৪ জন ছাত্রদল নেতা ও কর্মীকে গ্রেফতার করে।